



# বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন (বিএমএ) BANGLADESH MEDICAL ASSOCIATION (BMA)



সভাপতি  
ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন

মহাসচিব  
ডা. মোঃ ইহতেশামুল হক চৌধুরী

স্মারক নং-বিএমএ/২০২০/৭৭৪

তারিখঃ ৩০/০৩/২০২০খ্রিঃ

## প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন (বিএমএ) এর সভাপতি ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন এবং মহাসচিব ডা. মোঃ ইহতেশামুল হক চৌধুরী পত্রিকায় প্রকাশের জন্য নিম্নলিখিত বিবৃতি প্রদান করেনঃ-

মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশে বিএমএ ইতিমধ্যে ৫০০ জন স্বেচ্ছাসেবক চিকিৎসকের নামের তালিকা প্রণয়ন করেছে। বিএমএ'র পক্ষ থেকে সারাদেশ থেকে আরও স্বেচ্ছাসেবক চিকিৎসকের নাম আহ্বান করা হয়েছে। সে অনুযায়ী ইতোমধ্যে আরও প্রায় ২ শতাধিক চিকিৎসক স্বেচ্ছাসেবক হিসেবে কাজ করার জন্য ইচ্ছা প্রকাশ করেছেন এবং প্রতিনিয়ত অনেকেই বিএমএ এর আহ্বানে স্বেচ্ছাসেবক হিসাবে কাজ করার আগ্রহ প্রকাশ করে তাদের নাম মোবাইল নম্বর সহ বিএমএ কেন্দ্রীয় অফিসে যোগাযোগ করছেন। আগ্রহীদের বিএমএ ই-মেইল: [bma.org.bd@gmail.com](mailto:bma.org.bd@gmail.com) এ নাম, মোবাইল নম্বর, ই-মেইল ও বর্তমান অবস্থান বা কর্মস্থলের ঠিকানা সহ বিএমএ কেন্দ্রীয় কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

কেন্দ্রীয় বিএমএ ঢাকার বিভিন্ন হাসপাতালে কর্মরত চিকিৎসকদের জন্য পিপিই সরবরাহ করার সিদ্ধান্ত নিয়েছে যা আগামীকাল থেকে প্রতিটি হাসপাতালে পর্যায়ক্রমে প্রদান করা হবে। এছাড়া বাংলাদেশের প্রতিটি জেলায় পিপিই প্রেরণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। পাশাপাশি বিএমএ চিকিৎসক ও জনসাধারণের মধ্যে মাস্ক, স্যানিটাইজার প্রদান সহ করোনা প্রতিরোধে নানা কর্মসূচী গ্রহণ করেছে। চিকিৎসকরা নিজেদের নিরাপত্তা নিশ্চিত করে চিকিৎসা কাজে এই দুর্যোগেপূর্ণ মুহূর্তে হাসপাতালে আগত রোগীদের সেবায় নিজেদের নিশ্চিত ভূমিকা রাখার জন্য আহ্বান করা যাচ্ছে।

ইত্যবসরে সারাদেশের বিএমএ প্রতিটি জেলা শাখাকে করোনা প্রতিরোধ ও সহায়তা কেন্দ্র খুলে হটলাইন চালু করার জন্য কেন্দ্রীয় বিএমএ কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়েছে এবং সে অনুযায়ী খুলনা, যশোর, মৌলভীবাজার, সুনামগঞ্জ, সিলেট, কুমিল্লা, চট্টগ্রাম, নারায়নগঞ্জ, ময়মনসিংহ সহ অনেক জেলায় করোনা প্রতিরোধ ও সহায়তা কেন্দ্র সহ হটলাইন চালু করা হয়েছে। অন্যান্য জেলায় দ্রুততম সময়ের মধ্যে হটলাইন চালু করা হবে। জেলা কমিটির সাথে যোগাযোগ রক্ষা ও সমন্বয় করা জন্য কেন্দ্রীয় বিএমএ নিম্নোক্ত কমিটি গঠন করেছে।

### “করোনা প্রতিরোধ ও সহায়তা কেন্দ্র” কেন্দ্রীয় কমিটি, বিএমএ

ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন	আহবায়ক	০১৭১১৫২১০২৬
ডা. মোঃ ইহতেশামুল হক চৌধুরী	সদস্য সচিব	০১৭১১৪৩৪৩০০

সদস্য- ডা. মোহাম্মদ মনিরুজ্জামান ভূঁইয়া (০১৭১১৫২০৯০৯, ০১৭৪১৩২৯৩৯৬), ডা. বদিউজ্জামান ভূঁইয়া ডাবলু (০১৭১৬৫৫৫৮৩২), ডা. কামরুল হাসান খান (০১৭১১৫৬৩৪৮০), ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ (০১৭১১৫৪২৪৬২), ডা. মোহাম্মদ মুশতাক হোসেন (০১৫৫২৪১০৪৪৫), ডা. মোহাম্মদ জামাল উদ্দিন চৌধুরী (০১৮১৯২১৩২২৩), ডা. জহুরুল হক সাদু (০১৭১৫২১৯৫০৮), ডা. উত্তম কুমার বড়ুয়া (০১৮১৯৪০২৩৫৮), ডা. মোঃ কামরুল হাসান মিলন (০১৭৩২০৭০২৩১), ডা. সোহেল মাহমুদ (০১৭১১১১৭৩৪৪), ডা. পূরবী রাণী দেবনাথ (০১৭১১১৭৫৩০৩), ডা. কাজী শফিকুল হালিম জিম্মু (০১৭১৮২২৭৬৭৭), ডা. মোঃ বাবরুল আলম (০১৭১৬৬১১৫৯০), ডা. মোহাঃ শেখ শহীদ উল্লাহ (০১৯৮৮৫৫৮৮২২, ০১৭৮৮৫৫৮৮২২), ডা. হোসেন মোহাম্মদ মুস্তাফিজুর রহমান (০১৭২০৫৮১৫৮৩), ডা. মোঃ জাবেদ (০১৭৪১৪০৬২১০)।


প্রতি

বার্তা সম্পাদক / প্রধান প্রতিবেদক  
(সকল দৈনিক পত্রিকা ও টেলিভিশন)

জনাব,

বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন এর পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা। আপনার বহুল প্রচারিত পত্রিকা/ সম্প্রচারিত দৈনিক পত্রিকা/ টেলিভিশনে প্রেস বিজ্ঞপ্তি আকারে প্রকাশের অনুরোধসহ বার্তাটি প্রেরণ করা হল।

বার্তা প্রেরক-

  
ডা. মোহাঃ শেখ শহীদ উল্লাহ  
দপ্তর সম্পাদক  
বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন